

ভারতের বিজ্ঞানের যন্ত্রপাতি আছে পড়ল বাংলাদেশে

চুয়াডাঙ্গায় আতংক

চুয়াডাঙ্গা জেলা সংবাদদাতা : প্যারাসুট ছিঁড়ে ভারতের মহাকাশ বিজ্ঞান যন্ত্রপাতি আছে পড়ল বাংলাদেশের অভ্যন্তরের চুয়াডাঙ্গা জেলার নাস্তিপুর গ্রামে। গতকাল রোববার বাংলাদেশ সময় দুপুর ২টা ১০ মিনিটে হঠাৎ করে আকাশে ওড়া অবস্থায় প্যারাসুট ও বেলুন ছিঁড়ে যন্ত্রপাতি আছে পড়ে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর গ্রামের একটি হলুদ ক্ষেতে। এ সময় গোটা গ্রামে আতংক ছড়িয়ে পড়ে। ভেঙেপড়া যন্ত্রপাতি দেখতে ভিড় জমায় হাজার হাজার মানুষ।

হলুদ ক্ষেতের মালিক খাদেম আলী জানান, দুপুর ২টা ১০ মিনিটের দিকে আকাশ থেকে বিকট শব্দে বিস্ফোরণ হয়ে এগুলো আছে পড়ে হলুদ ক্ষেতে। বিষয়টি দামুড়হুদা থানা পুলিশে খবর দিলে তারা ঘটনাস্থল থেকে যন্ত্রপাতি উদ্ধার করে নিয়ে যায়।

পরে বিকালে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে উদ্ধার করা যন্ত্রপাতি গণমাধ্যম কর্মীদের সামনে হাজির করা হয়।

ভেঙেপড়া যন্ত্রপাতির মধ্যে রয়েছে দুটি ভারতীয় পতাকা, একটি প্যারাসুট, দুটি বড় বেলুন, একটি ১০ ইঞ্চি বাক্সের মধ্যে ইলেকট্রনিক্স যন্ত্রপাতি ও একটি ট্রে। বাক্সটির ওজন আনুমানিক ২ কেজি। তাতে লেখা রয়েছে এ বাক্সটি ও সব যন্ত্রপাতি ভারতীয় মহাকাশ বিজ্ঞান কেন্দ্র কোলকাতার সম্পত্তি। এটা কোনোভাবেই বিপজ্জনক নয়। বাক্সটিতে ভারতীয় বেস কয়েকজনের টোলিফোন নম্বরও লেখা রয়েছে। তাতে আরো লেখা রয়েছে, বাক্সটি নিম্নঠিকানায় ফেরত দিলে ৫শ' টাকা পুরস্কার দেয়া হবে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপার শেখ মিজানুর রহমান জানান, ইলেকট্রনিক্স যন্ত্রপাতির বাক্সটি এখনো সচল রয়েছে। বিষয়টি স্বরাষ্ট্রমন্ত্রণালয়কে অবহিত করা হবে।